গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর- ০০১

বৈষম্যহীন বাংলাদেশ গড়ার অঙ্গীকারে আরএমপি'র ৩৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন

রাজশাহী; ১৭ আষাঢ় (০১ জুলাই):

'আমার পুলিশ আমার দেশ, বৈষম্যহীন বাংলাদেশ'– এই স্লোগানকে সামনে রেখে বর্ণাঢ্য র‍্যালি ও নানা আয়োজনে উদ্‌যাপিত হলো রাজশাহী মেট্রোপলিটন পুলিশ (আরএমপি)–র ৩৩তম প্রতিষ্ঠাবার্ষিকী। ১৯৯২ সালের এই দিনে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে আরএমপি। প্রতিষ্ঠার পর থেকেই প্রতিষ্ঠানটি রাজশাহী নগরবাসীর জানমালের নিরাপত্তা বিধান, আইন-শৃঙ্খলা রক্ষা ও জনকল্যাণে নিরলসভাবে কাজ করে আসছে।

আজ মঙ্গলবার (১ জুলাই) সকাল সাড়ে নয়টায় রাজশাহী মেট্রোপলিটন পুলিশ সদর দপ্তর প্রাঙ্গণে বেলুন-ফেস্টুন উড়িয়ে আরএমপি'র প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধন করা হয়। পরে সেখানে জুলাই-আগস্টের বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শহিদদের আত্মার মাগফেরাত কামনা এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করে দোয়া করা হয়। দোয়া শেষে এক বর্ণাঢ্য আনন্দ র‍্যালি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে আরএমপি কার্যালয়ে এসে শেষ হয়। পরে আরএমপি'র কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয় আলোচনা সভা।

রাজশাহী মেট্রোপলিটন পুলিশ কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান এর সভাপতিত্বে আলোচনা সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পুলিশ একাডেমির অধ্যক্ষ ব্যারিস্টার মো. জিল্লুর রহমান, বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ, রাজশাহী রেঞ্জের ডিআইজি মোহাম্মদ শাহজাহান, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ মাঈন উদ্দিন, জেলা প্রশাসক আফিয়া আখতার, পুলিশ সুপার ফারজানা ইসলাম, রাজশাহী কলেজের অধ্যক্ষ মু. যহুর আলী, র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন-৫ এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ মাসুদ পারভেজ।

সভায় বক্তাগণ বলেন, একটি বৈষম্যহীন সমাজ গঠনে পুলিশের ভূমিকা অপরিসীম। আইনের শাসন প্রতিষ্ঠা ও জনগণের নিরাপত্তা নিশ্চিতে পুলিশকে আরও আন্তরিক হতে হবে। পুলিশকে সব ধরনের রাজনৈতিক প্রভাবমুক্ত থেকে স্বাধীনভাবে কাজ করতে দিতে হবে এবং কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। সংসদ নির্বাচনে পুলিশকে চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে।

এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন রাজশাহী রেঞ্জ, আরএমপি, জেলা পুলিশ ও রাজশাহীর অন্যান্য পুলিশ ইউনিটের কর্মকর্তা, বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের প্রতিনিধি ও সাংবাদিকবৃন্দ।

আলোচনা সভার পূর্বে অতিথিরা আরএমপি'র প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটেন।

..........................................................................................

রায়হান/তৌহিদুজ্জামান/স্মিতা/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৮:১৫ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd